

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১২৮

আগরতলা, ০৯ ডিসেম্বর, ২০২৩

প্রকাশিত সংবাদ সম্পর্কে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের স্পষ্টিকরণ

গত ৭ ডিসেম্বর, ২০২৩ তারিখে স্থানীয় কয়েকটি পত্রিকায় সাম্প্রতিক কালে অকাল বর্ষনে কৃষকদের ক্ষতি সংক্রান্ত সংবাদ প্রকাশিত হয়েছে। প্রকাশিত সংবাদগুলির প্রতি কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদ সম্পর্কে প্রকৃত তথ্য তুলে ধরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে জানানো হয়েছে, গত ১৬ থেকে ১৮ নভেম্বর রাজ্যে অকাল বর্ষণের কারণে আমন ধান ও শীতকালীন সজ্জির ক্ষতি হয়েছে। এতে রাজ্যের ৫৮ হাজার ২১০ জন কৃষকের ১৭ হাজার ১৬৪ হেক্টার জমির আমন ফসলের ক্ষতি হয়। ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহাতার জন্য কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে এসডিআরএফ প্রকল্পে ১৪ কোটি ৫৮ লক্ষ ৯৪ হাজার টাকার জন্য রাজ্য সরকারের রাজস্ব দপ্তরের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। তাছাড়াও প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনায় ফসল কাটা অবস্থায় (Post Harvest Losses) ক্ষতিগ্রস্ত ৮৭৪ জন কৃষককে বীমা কোম্পানী (HDFC-ERGO GIC Ltd.) থেকে ৪৪ লক্ষ ৬০ হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়ার প্রক্রিয়া চলছে।

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে আরও জানানো হয়েছে, দ্বিতীয় পর্যায়ে গত ৬ থেকে ৮ ডিসেম্বর পুনরায় অকাল বর্ষণে কৃষককের ধান ও অন্যান্য ফসলের ক্ষতি নিরূপনের জন্য রাজ্যে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সকলস্তরের কৃষিকর্মীগণ ক্ষতিগ্রস্ত কৃষকদের জমি সরজিমিনে পরিদর্শন করে ক্ষতি নিরূপনের কাজে নিয়োজিত রয়েছেন। প্রাথমিক তথ্য অনুযায়ী এখন পর্যন্ত ১২ হাজার ৮৯৫ জন কৃষকের ৪ হাজার ৮৭০ হেক্টার জমির ফসলের ক্ষতি হয়েছে বলে ধারনা করা হচ্ছে। কিছুদিনের মধ্যে প্রকৃত ক্ষতিপূরণ নিরূপন করে ক্ষতিগ্রস্ত কৃষকদের এসডিআরএফ প্রকল্প থেকে আর্থিক সহায়তা দেওয়ার জন্য পুনরায় প্রস্তাব পাঠানোর প্রক্রিয়া এগিয়ে চলছে। রাজ্যের কৃষকদের অবগতির জন্য কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে প্রকৃত তথ্য তুলে ধরা হলো।
